

স্মারক নম্বর: ২৮.০৩.০০০০.০০৮.৩৫.০১৬.২১.১৪০

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৮

২০ জুন ২০২১

বিষয়: মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ২টি স্টোরেজ ট্যাংক নির্মাণ প্রকল্পে ইকুইটি হিসেবে গৃহীত সরকারি অর্থ পরিশোধিত মূলধনে রূপান্তর প্রসঙ্গে।

সূত্র: এমপিএল এর স্মারক নং: ২৮.২৩.০০০০.৭০৩.২৬.০৬২.২১; তারিখ: ১১/০৪/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমপিএল এর ২টি স্টোরেজ ট্যাংক নির্মাণ প্রকল্পে GOB ফান্ড হতে ইকুইটি হিসেবে গৃহীত ৪,৯৫,৩৬,৫১০/- (চার কোটি পঁচানব্বই লক্ষ ছত্রিশ হাজার পাঁচশত দশ) টাকা এককালীন সুদসমেত ফেরত প্রদানের সুযোগ নেই। কেননা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মার্চ/২০২১ মাসের সমন্বয় সভায় - যে সকল কোম্পানি ইকুইটি খাতের টাকা অদ্যাবধি পেইড আপ ক্যাপিটালে রূপান্তর করেনি তাদেরকে দ্রুত এই কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। তাছাড়া অর্থ বিভাগের ২৪/১২/২০২০ তারিখ অনুষ্ঠিত সভায় আলোচ্য বিষয়ে নিম্নরূপ একটি সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“যে সমস্ত প্রতিষ্ঠানের আংশিক শেয়ার অফলোড করা আছে সে সকল প্রতিষ্ঠানে শেয়ারম্যানি ডিপোজিট হিসেবে সরকারের ইকুইটির অর্থ পরিশোধিত মূলধনে রূপান্তর করে সরকারের নামে শেয়ার ইস্যুর ক্ষেত্রে -শেয়ার মার্কেটে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শেয়ার মূল্য যাতে কোন বিরূপ প্রতিক্রিয়া না হয় সে বিষয়টি বিবেচনায় রেখে কোম্পানিসমূহ কর্তৃক গৃহীত সরকারি ইকুইটিকে পরিশোধিত মূলধনে রূপান্তরের মাধ্যমে সরকারের অনুকূলে শেয়ার ইস্যুর বিষয়টি কোন প্রক্রিয়ায় সমাধান করা যায় সে বিষয়ে কোম্পানিসমূহ কর্তৃক এফআরসি’র (ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল) সাথে আলোচনার মাধ্যমে অর্থ বিভাগে সম্ভাব্য প্রস্তাব প্রেরণ করতে হবে।”

০৩। এফআরসি’র গত ১১/০২/২০২০ তারিখ ১৪৬/এফআরসি/প্রশাঃ/প্রজ্ঞাপন/২০২০/০১ নং স্মারকমূলে প্রকাশিত প্রজ্ঞাপনে শেয়ার ম্যানি ডিপোজিট লেনদেন এর ক্ষেত্রে গাইডলাইনসমূহ নিম্নরূপঃ

- “শেয়ার মূলধন খাতে প্রাপ্ত অর্থ যাহা শেয়ার ম্যানি ডিপোজিট বা অন্য কোন নামকরণে মূলধন বা ইকুইটিতে অন্তর্ভুক্ত করা হইয়াছে, তাহা কোন ভাবেই প্রত্যাহার বা ফেরত যোগ্য হইবে না;
- এই খাতে প্রাপ্ত অর্থ সর্বোচ্চ ০৬ মাসের মধ্যে আইনগতভাবে শেয়ার মূলধনে রূপান্তর করিতে হইবে;
- শেয়ার মূলধন রূপান্তরের পূর্ব পর্যন্ত উক্ত তহবিল সম্ভাব্য শেয়ার মূলধন (Potential Share Capital) হিসেবে বিবেচিত হইবে এবং সেই মোতাবেক শেয়ার প্রতি আয় (EPS) গণনায় অন্তর্ভুক্ত করিতে হইবে।”

০৩। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী এফআরসি’র সাথে আলোচনাক্রমে Equity খাতে এমপিএল কর্তৃক গৃহীত ৪,৯৫,৩৬,৫১০/- (চার কোটি পঁচানব্বই লক্ষ ছত্রিশ হাজার পাঁচশত দশ) টাকা পরিশোধিত মূলধনে রূপান্তরের মাধ্যমে সরকারের অনুকূলে শেয়ার ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রজ্ঞাপনের অন্যান্য নির্দেশনা প্রতিপালন করে এ কার্যালয়-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



২২-৬-২০২১

মো: লাল হোসেন
সচিব

ম্যানেজিং ডাইরেক্টর
মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

স্মারক নম্বর: ২৮.০৩.০০০০.০০৮.৩৫.০১৬.২১.১৪০/১(৫)

তারিখ: ৬ আষাঢ়. ১৪২৮
২০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
- ২) একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
- ৫) অফিস কপি।



২২-৬-২০২১

মো: লাল হোসেন
সচিব